

২য় অনুরোধপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

আইন শাখা-১

www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪২.১৮- ৩৪৫ ৩৫২

তারিখঃ ২৬ আশ্বিন ১৪২৫
১১ অক্টোবর ২০১৮

বিষয়ঃ রীট পিটিশন নং-১৭১৩/০৭ মামলায় সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিলসহ জবাবের কপি এবং আনুসঙ্গিক প্রমাণকসহ মামলার অগ্রগতির তথ্য টিএমইডিতে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) রীট পিটিশন নং-১৭১৩/২০০৭।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের আইন সেলের স্মারক নং- শিম/আইনসেল/রীট-১৮৫/০৭/২০০৯

তারিখঃ ১৭.০৬.২০০৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব আব্দুর রহিম, পিতা- মৃত নওশেদ আলী, গ্রাম- মির্জাপুর, থানা- সাপাহার, জেলা- নওগাঁ দরখাস্তকারী হয়ে ১৯৬১ সালের উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা অর্ডিন্যান্স- এর ৩৯(২) ধারা উপেক্ষা করে মির্জাপুর দাখিল মাদ্রাসা, সাপাহার, নওগাঁ এর ৯ম শ্রেণিতে পাঠদানের অনুমতি এবং সকল কার্যক্রম বাতিল করা সংক্রান্ত ৭ নং রেসপনডেন্ট সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক পাসকৃত ২৮.০৬.২০০৬ খ্রি: তারিখের তর্কিত স্মারক নং- পরী/২৩২-এর আদেশের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১৭১৩/২০০৭ দায়ের করেন।

০২. উক্ত রীট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট ডিভিশনের ২৭.০৩.০৭ খ্রি: তারিখের ইস্যুকৃত রুল নিশির ছায়াকপি প্রেরণক্রমে রীট পিটিশন নং-১৭১৩/০৭ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সূত্রোক্ত (২) নং স্মারকমূলে মহোদয়কে অনুরোধ করা হয়েছিল কিন্তু দীর্ঘ ১২ বৎসরের বেশী সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও এ সংক্রান্ত কোন তথ্য মন্ত্রণালয়কে অবহিত করা হয়নি, যা দুঃখজনক।


০৪. রীট পিটিশন নং-১৭১৩/০৭ এর বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

ক. মামলাটি চলমান আছে কি-না বা নিষ্পত্তি হয়েছে কি-না, নিষ্পত্তি হলে তার প্রমাণক; নিষ্পত্তি না হয়ে থাকলে-

খ. উক্ত রীট মামলার জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল হয়েছে কি-না, হয়ে থাকলে উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

গ. মামলাটির জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল না হয়ে থাকলে না হওয়ার কারণ ব্যাখ্যাসহ কবে নাগাদ জবাব দাখিল করা হবে এ বিষয়ে তথ্য।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) জরুরীভিত্তিতে আগামী ০১.১১.২০১৮ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য ২য় বারের মতো মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১১.১০.১৮
(নূরজাহান বেগম)
সহকারী সচিব (অডিট ও আইন)
ফোনঃ ৯৫৭৫২৭২

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বখশীবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, আইসিটি সেল, টিএমইডি (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।